**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর ‘অ্যাক্ট ইস্ট’ নীতির ফলে রেল ও সড়ক যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা দ্রুত এগিয়ে চলেছে।**

**(২) দেশজুড়ে আজ ‘সংবিধান হত্যা দিবস’ পালিত হচ্ছে।**

**(৩) বিশ্বকাপ ফুটবলে গ্রুপ পর্বের শেষ ম্যাচগুলিতে আজ মাঠে নামছে তিনটি গ্রুপের ১২ টি দেশ ।**

******************************************************************

**CM- Bishalgarh:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর ‘অ্যাক্ট ইস্ট’ নীতির ফলে রেল ও সড়ক যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা দ্রুত এগিয়ে চলেছে। সিপাহীজলা জেলায় শিক্ষা, স্বাস্থ্য ও রাজস্ব দপ্তরের ২০টি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস অনুষ্ঠানে তিনি একথা বলেন| বিশালগড়ের লালসিংমুড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরো বলেন, বর্তমানে সুশাসনের মাধ্যমে সরকারী পরিষেবা মানুষের ঘরে ঘরে পৌঁছে যাচ্ছে। ত্রিস্তরীয় পঞ্চায়েত পর্যন্ত ই-অফিস ব্যবস্থা চালু করে সরকার প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিত করেছে।

মুখ্যমন্ত্রী আজ লালসিংমুড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ২৪ ঘণ্টার পরিষেবার সূচনা করেন। পাশাপাশি, তিনি ১০টি নতুন আয়ুষ্মান আরোগ্য মন্দির, বক্সনগর

সিএইচসি-র কোয়ার্টার কমপ্লেক্স, বিশালগড় ইংলিশ মিডিয়াম স্কুলের নতুন ভবন সহ আরো বেশ কয়েকটি প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধন করেন। এর আগে তিনি বিশ্রামগঞ্জে সিপাহীজলা জেলা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, স্বাস্থ্যসচিব কিরণ গিত্তে, জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর প্রমুখ|

***************************

**Minister Sudhangshu Das:**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস আজ ফটিকরায়ের ডলুগাঁও দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নবনির্মিত দ্বি-তল ভবনের দ্বারোদঘাটন করেন। ভবন'টি নির্মাণে ব্যয় হয়েছে, ১ কোটি ৮৭ লক্ষ টাকা। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক মেঘা জৈন। সভাপতিত্ব করেন, বিলাসপুর পঞ্চায়েতের প্রধান সুরজিৎ দাস।

***************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, যে 'সেবা পর্ব' এবং 'আজাদি কা অমৃত মহোৎসব'-এর মতো সরকারি উদ্যোগগুলো ঐতিহাসিক সচেতনতা বৃদ্ধি, সাংস্কৃতিক স্মৃতি সংরক্ষণ এবং জাতীয় একাত্মবোধ সুদৃঢ় করার মাধ্যমে সাংবিধানিক মূল্যবোধকে শক্তিশালী করে। সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের একটি প্রবন্ধ শেয়ার করে প্রধানমন্ত্রী এই মন্তব্য করেন। ওই প্রবন্ধে শ্রী শেখাওয়াত ১৯৭৫-৭৭ সালের জরুরি অবস্থার প্রসঙ্গ তুলে ধরে বলেন, জরুরি অবস্থা ছিল স্বাধীন ভারতের ইতিহাসে অন্যতম বড় একটি অগ্নিপরীক্ষা। তিনি বলেন, এই জরুরি অবস্থা প্রমাণ করেছে যে,

সাংবিধানিক সুরক্ষা ব্যবস্থা দুর্বল হয়ে পড়লে এবং জনগণের স্বাধীনতা খর্ব করা হলে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো কীভাবে চাপের মুখে পড়তে পারে।

***************************

**Samvidhan Hatya Diwas:**

দেশজুড়ে আজ ‘সংবিধান হত্যা দিবস’ পালিত হচ্ছে। দেশে জরুরি অবস্থার ফলে নিপীড়িত মানুষের প্রতি শ্রদ্ধা জানানো হচ্ছে। উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন সামাজিক মাধ্যমে জরুরি অবস্থা চলাকালীন গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষায় দৃঢ়ভাবে দাঁড়িয়ে থাকা সকল সাহসী ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁদের সাহস ভারতের ইতিহাসের অন্ধকার সময়ে সংবিধানের চেতনাকে সুরক্ষিত রেখেছিল।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও আজ সামাজিক মাধ্যমে দেশের জরুরি অবস্থার সময় গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষায় যারা দৃঢ়ভাবে দাঁড়িয়েছিলেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, জরুরি অবস্থা একই সঙ্গে অসংখ্য সাধারণ নাগরিকের অসাধারণ সাহসকেও তুলে ধরেছিল। তিনি বলেন, সংবিধান ১৪০ কোটি ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষা, অধিকার ও কর্তব্যের প্রতিফলন।

***************************

**Sangbidhan Hatta Diwas– CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভারতের সংবিধান ও গণতান্ত্রিক মূল্যবোধ উন্নত রাখতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন| সংবিধান হত্যা দিবস উপলক্ষ্যে আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে প্রদেশ বিজেপি’র উদ্যোগে আয়োজিত আলোচনাচক্রে তিনি একথা বলেন।

জরুরি অবস্থাকে একটি "অন্ধকার অধ্যায়" হিসেবে অভিহিত করে তিনি বলেন, জনগণের মৌলিক অধিকার দমন করে ক্ষমতা আঁকড়ে রাখাই ছিল এর একমাত্র

উদ্দেশ্য। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতবর্ষের সংবিধানের পবিত্রতা রক্ষায় কাজ করেছেন এবং নাগরিকদের গণতান্ত্রিক অধিকার পুনরুদ্ধার করেছেন। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায়ও বক্তব্য রাখেন|

বিজেপি'র কৈলাশহরস্থিত জেলা কার্যালয়ে সংবিধান হত্যা দিবস পালন করা হয়। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান নীতিশ দে, বিজেপি’র জেলা সভাপতি বিমল কর,সহ -সভাপতি ডাঃ সুশান্ত সিংহ, শিক্ষাব্রতী বিকাশেন্দু দেব প্রমুখ।

****************************

**CBC Programme:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন কেন্দ্রীয় সঞ্চার ব্যুরো আগরতলা ফিল্ড অফিস -এর উদ্যোগে সিপাহীজলা জেলার প্রমোদ নগরের সাব-জোনাল ডেভেলপমেন্ট অফিসের কনফারেন্স হলে আজ একটি বিশেষ সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান বিষয় হিসেবে তুলে ধরা হয় 'জনগণনা ২০২৬', 'নেশামুক্ত ভারত' এবং পরিবেশ রক্ষায় 'এক পেড় মা কে নাম' অভিযান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রমোদ নগর সাব-জোনাল ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান রঞ্জিত দেববর্মা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাব-জোনাল ডেভেলপমেন্ট অফিসার মানিক লাল দেববর্মা।

উক্ত বিষয়গুলি নিয়ে বিশদে বক্তব্য রাখেন দুই বিশেষজ্ঞ অফিসার আইচুক দেববর্মা ও অস্টিন রিয়াং। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে অফিস চত্বরে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

****************************

**GBP-Outdoor:**

আগামীকাল ২৬ জুন থেকে ২৮ জুন, পরপর তিনদিন সরকারি ছুটি ঘোষণা থাকলেও আগামী ২৭ জুন, চতুর্থ শনিবারে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এন্ড জিবিপি হাসপাতালের বহির্বিভাগ ও ডায়াগনস্টিক পরিষেবা যথারীতি খোলা থাকবে। এ.জি.এম.সি ও জি.বি.পি হাসপাতালের মেডিক্যাল সুপার এক বিজ্ঞপ্তিতে এ খবর জানিয়েছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৫তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের

মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আগামীকাল পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

**************************

**Drama-Udaipur:**

উদয়পুরে আজ গোমতী জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাট্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গোমতী জেলার অমরপুর, করবুক ও উদয়পুর মহকুমা থেকে মোট ১২টি শিশু নাট্যদল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিচারকের রায়ে প্রথম স্থান অধিকার করে অভিমুখ নাট্য দল। এই দলটি রাজ্যভিত্তিক আসরে অংশ নেবে।

**************************

**Explosion at Ramnagar:**

রামনগরের শংকর চৌমুহনীতে আজ দুপুরে একটি এপারটমেন্টে বিস্ফোরণ হয়েছে। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানান, বিস্ফোরণে ওই এপারটমেন্ট সহ আশপাশের বেশ কয়েকটি ফ্ল্যাটের কিছু ক্ষতি হয়েছে। এই ঘটনায় বেসরকারি একটি প্রতিষ্ঠানের কর্মী অগ্নিদগ্ধ হয়েছে। তাঁকে জিবি হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিস্ফোরণের কারন জানতে ফরেনসিক বিশেষজ্ঞরা তদন্ত করেছেন। পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব এ খবর জানিয়েছেন।

**************************

**Easy Connect:**

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু, উত্তরপ্রদেশের বারাণসীর লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আজ, প্রথম 'ইজি কানেক্ট' উড়ানের সূচনা করেছেন। দিল্লি হয়ে বারাণসীকে বিশ্বের সঙ্গে সংযোগকারী এই 'হাব অ্যান্ড স্পোক' উড়ানটির লক্ষ্য ভারতের প্রতিটি প্রান্তকে বিশ্বের সঙ্গে এবং বিশ্বকে ভারতের সঙ্গে যুক্ত করা। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী কে. রামমোহন নাইডু বলেন, নতুন 'হাব অ্যান্ড স্পোক' মডেলটি ভ্রমণ পদ্ধতিতে এক যুগান্তকারী পরিবর্তনের পথ প্রশস্ত করেছে।

***************************

## TCPCR -Kathalia:

ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে আজ সিপাহীজলা জেলার কাঠালিয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে এক সচেতনতামূলক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়৷ উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা৷ তিনি জানান বাল্যবিবাহ, শিশুশ্রম থেকে শুরু করে বিভিন্ন সমস্যার ক্ষেত্রে কোথায় কিভাবে অভিযোগ জানাতে হবে এসব বিষয়ে আজ সেমিনারে বিস্তারিত আলোচনা হয়|

***************************

## FIFA World Cup:

২০২৬ বিশ্বকাপ ফুটবলে গ্রুপ 'এ' এর সবকটি ম্যাচ সম্পন্ন হল। আয়োজক মেক্সিকো চেকিয়াকে ৩-0 গোলে হারিয়ে গ্রুপ পর্বের সবকটি ম্যাচ জিতে রাউন্ড অফ 32-এ প্রবেশ করল। অন্য ম্যাচে দক্ষিণ আফ্রিকা চমক দিল দক্ষিণ কোরিয়াকে ১-0 গোলে হারিয়ে। প্রথমবারের জন্য তারা বিশ্বকাপে নকআউটে প্রবেশ করল।

ভারতীয় সময় আজ রাত দেড়টায় রয়েছে গ্রুপ 'ই'-র শেষ দুটি ম্যাচ। কুরাসাও খেলবে আইভরি কোস্টের বিরুদ্ধে। অন্য ম্যাচে নকআউট নিশ্চিত করে থাকা জার্মানি খেলবে ইকুয়েডরের বিপক্ষে। আগামীকাল ভোর সাড়ে চারটেয় গ্রুপ 'এফ' এর দুটি ম্যাচে নেদারল্যান্ডস বনাম তিউনিশিয়া এবং অপরদিকে জাপান বনাম সুইডেনের খেলা রয়েছে। সকাল সাড়ে সাতটায় গ্রুপ 'ডি'-র শেষ ম্যাচ দুটিতে খেলবে আমেরিকা বনাম তুর্কিয়ে এবং অস্ট্রেলিয়া বনাম প্যারাগুয়ে। আমেরিকা ইতিমধ্যেই নকআউটে প্রবেশ করায় এবং তুর্কিয়ে ছিটকে যাওয়ায় অস্ট্রেলিয়া-প্যারাগুয়ে দু'দলের কাছেই গুরুত্বপূর্ণ ম্যাচ।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, ধলাই, খোয়াই, ঊনকোটি, গোমতী, উত্তর জেলায় বজ্রবিদ্যুৎ সহ  ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************